মেহেরপুরে ইউপি নির্বাচনের নির্বাচনী সরঞ্জাম হস্তান্তর

মেহেরপুর সদর উপজেলার ১নং কুতুবপুর ও ২ নং বুড়িপোতা ইউনিয়ন নির্বাচন উপলক্ষে নির্বাচনী দায়িত্বরত প্রিজাইডিং কর্মকর্তার কাছে নির্বাচনী সরঞ্জমাদী হস্তান্তর করেছে নির্বাচন কমিশন।

শনিবার দুপুরে মেহেরপুর উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় থেকে উপজেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার কবির আহমেদ এসব নির্বাচনী সরঞ্জাম হস্তান্তর করেন।

উপজেলা নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং অফিসার কবির আহমেদ জানান, ২৮ নভেম্বর অনুষ্ঠিত মেহেরপুর সদর উপজেলার ইউনিয়ন পরিষদ নির্বাচনে সদর উপজেলার ১নং কুতুবপুর ইউনিয়ন ও ২নং বুড়িপোতা ইউনিয়নের জন্য এসব মালামাল হস্তান্তর করা হয়েছে। ।

চেয়ারম্যান পদপ্রার্থী শাহজামানের শোভাযাত্রা

আসন্ন মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে শোভাযাত্রা করেছেন চেয়ারম্যান প্রার্থী শাহজামান। শুক্রবার বিকালের দিকে এ শোভাযাত্রা র্যালিটি বের করা হয়।

চেয়ারম্যান প্রার্থী শাহজামানের নেতৃত্বে শোভাযাত্রাটি বুড়িপোতা ইউনিয়নের গোভিপুর গ্রাম থেকে শুরু করে যাদবপুর, রাধাকান্তপুর,শালিকা, বাড়ি বাঁকা, বুড়িপোতা, হরিরামপুর, ইচাখালি, সহ বুড়িপোতা ইউনিয়নের প্রতিটি গ্রাম প্রদক্ষিণ করে গোভিপুর গিয়ে শেষ হয় ।

এই শোভাযাত্রায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্মসাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি আবদুল হান্নান, জেলা স্বেচ্ছাসেবক লীগের

যুগ্ন আহ্বায়ক মতিউর রহমান মতি, বুড়িপোতা ইউনিয়ন আওয়ামী লীগের নির্বাচন পরিচালনা কমিটির সভাপতি আলী রেজা বিছু সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন। বুড়িপোতা ইউনিয়ন পরিষদে ভোটার সংখ্যা ৩০ হাজার ৮০ জন।

সভাপতি সাধারণ সম্পাদকসহ বিএনপি প্যানেলের ১০টি, অপর ৫টি পদে আ.লীগপন্থীদের বিজয়

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হয়েছে। উৎসবমুখর পরিবেশ এবং শান্তিপূর্ণ ভোট দানের মাধ্যমে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন শুরু হয়। ভোটার, আইনজীবী ও রাজনৈতিক গণ্যমান্য ব্যক্তিদের পদচারণায় মুখরিত ছিল গোটা আইনজীবী ভবন প্রাঙ্গণ।

শুক্রবার সকাল ৯ টার সময় নির্বাচন শুরু হয়ে একটানা বিকেল ৩ টা পর্যন্ত ভোট গ্রহণ চলে। মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে ১৫ টি পদের বিপরীতে আওয়ামী লীগ সমর্থিত ও বিএনপি সমর্থিত আইনজীবীদের দু’টি প্যানেল থেকে মোট ৩০ জন প্রার্থী ভোটে অংশ গ্রহণ করেন। আ’লীগপন্থিরা বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদ ও বিএনপি পন্থীরা জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম ব্যানারে ভোটে অংশ নিয়েছে।

জেলা আইনজীবী সমিতির ২০২২ সালের কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে আওয়ামী আইনজীবী পরিষদের সভাপতি পদে মোখলেছুর রহমান এবং সাধারণ সম্পাদক পদে এ কে এম আসাদুজ্জামান ও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সভাপতি পদে মারুফ আহমেদ বিজন এবং সাধারণ সম্পাদক পদে এ কে এম জিল্লুর রহমান নির্বাচনে অংশগ্রহণ করেন।

নির্বাচনে আওয়ামী আইনজীবী পরিষদের সহ-সভাপতি পদে গোলাম মোস্তফা, নজরুল ইসলাম, যুগ্ম সম্পাদক পদে আব্দুল্লাহ আল মামুন রাসেল, সেলিম রেজা, কোষাধ্যক্ষ পদে শাহরিয়ার মাহমুদ শাওন,

গ্রন্থাগার ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক পদে শাহিনুর রহমান, নির্বাহী সদস্য পদে কে এম নুরুল হাসান রঞ্জু, মিজানুর রহমান, রোকেয়া খাতুন, রুত সোভা মন্ডল, ফয়সাল নাসরুল্লাহ, আবুল কাশেম, মোশারফ হোসেন।

জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সহ-সভাপতি পদে হাসান মাহবুব রহমান মুকুল, রফিকুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক পদে রফিকুল ইসলাম, মিজানুর রহমান, কোষাধক্ষ্য মোহাম্মদ আরিফুজ্জামান গ্রন্থাগার ও সাংস্কৃতিক সম্পাদক এহান উদ্দিন মনা, নির্বাহী সদস্য পদে সেলিম রেজা কল্লোল, সাইদুর রহমান রিপন, বুলবুলি আক্তার, সেলিম রেজা, গাজী শফিউল আজম খান বকুল,এ এস এম এম হাসান উল্লাহ এবং সাইফুল ইসলাম সাহেব প্রতিদ্বন্দ্বিতা করছেন।

টানা ৩ ঘন্টা ভোট গণনার পর মেহেরপুর জেলা আইনজীবী সমিতি নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার অ্যাড. বিমল কুমার বিশ্বাস ভোটের ফলাফল ঘোষণা করা হয়।

সভাপতি পদে মারুফ আহমেদ বিজন, সহ-সভাপতি পদে মোঃ রফিকুল ইসলাম ও গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক পদে এ কে এম জিল্লুর রহমান, যুগ্ন সম্পাদক পদে রফিকুল ইসলাম-২ ও আবদুল্লাহ আল মামুন রাসেল, কোষাধক্ষ্য পদে আরিফুজ্জামান, পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে এহান উদ্দিন (মনা) এবং সদস্য পদে রোকেয়া খাতুন, রুত শোভা, শফিউল আজম খান বকুল, ফয়সাল নাসরুল্লাহ কনক, মোছাঃ বুলবুলি খাতুন, সাইদুর রহমান রিপন, সেলিম রেজা গাজী নির্বাচিত হন। ১৩০ জন ভোটারের মধ্যে ১১২ জন ভোটা দিয়েছেন। এবং ১৮ জন অনুপস্থিত ছিলেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় একজন নিহত

মেহেরপুর- কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা শহরে যাত্রীবাহী বাসের ধাক্কায় জিল্লুর রহমান (৫০) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। শুক্রবার বেলা ১১ টার সময় গাংনী শহরের উত্তরপাড়া এলাকায় এ

দূর্ঘটনা ঘটে। নিহত জিল্লুর রহমান গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের আবুল হোসেনের ছেলে।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, নিহত জিল্লুর রহমান একটি হোমিওপ্যাথি দোকান থেকে ওষধ নিয়ে ফেরার সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কে উঠতেই একটি যাত্রীবাহি বাস তাকে ধাক্কা দিলে রাস্তার উপর ছিটকে পড়ে। আহতবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ওসি আব্দুর রাজ্জাক বলেছেন, নিহতের মরদেহ উদ্ধার করে থানায় নেয়ার প্রক্রিয়া চলছে।

গাংনীতে আওয়ামী লীগ প্রার্থীর পক্ষে ভোটের মাঠে এমপি পত্নি লাইলা আরজুমান

বড় কোনো নেতার সাথে নয়, জুনিয়র নেতা কর্মীদের সাথে নিয়ে নৌকার প্রার্থীদের বিজয়ী করতে ছুটছেন ভোটারদের বাড়ি বাড়ি। ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকাকে বিজয়ী করতে বিশেষ করে নারী ভোটারদের মন জয় করতেই তার এ অভিযান ।

তৃতীয় ধাপে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কে ঘীরে জেলা ও উপজেলা পর্যায়ের রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধিরা তাদের দলীয় প্রার্থীর পক্ষে ভোট যুদ্ধে নেমেছেন কোমর বেঁধে। এই নির্বাচনের মাঠে কোন নারী নেত্রীকে তেমন চোখে পড়েনি।

সেক্ষেত্রে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের পত্নী লাইলা আরজুমান শিলা দলীয় প্রার্থীর নৌকা প্রতিককে বিজয়ী করতে সকাল থেকে গভীর রাত পর্যন্ত ছুটছেন ভোটারদের দারে দারে।

বৃহস্পতিবার দিনব্যাপি ষোলটাকা ইউনিয়নে নৌকার প্রার্থী দেলবার হোসেনকে বিজয়ী করার লক্ষ্যে বানিয়াপুকুর, রুইয়েরকান্দি,

শিমুলতলা, সহড়াবাড়িয়া গ্রামের ভোটারদের নিকট যেয়ে ভোট প্রার্থনা করেন।সজীব ওয়াজেদ জয় পরিষদের সাধারণ সম্পাদক আশিকুজ্জামান সবুজ, নাসিমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

ষোলটাকা, বামন্দী, রাইপুর, সাহারবাটিসহ বিভিন্ন ইউনিয়নের প্রায় প্রতিটি গ্রামের ভোটারদের কাছে গেছেন ভোট ভিক্ষা করেন তিনি।এসময় নারী ভোটাররা এমপি পত্নিকে কাছে পেয়ে উজ্জীবিত হয়ে উঠেন ।

খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার দাবীতে বিক্ষোভ ও প্রতিবাদ

বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তি ও সুচিকিৎসার জন্য বিদেশে পাঠানোর দাবীতে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা যুবদলের উদ্যোগে জেলা বিএনপি’র পৌর ঈদগাহ পাড়াস্থ কার্যালয়ে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা যুবদলের সহ সাধারণ-সম্পাদক শেখ হুজাইফা ডিকলিয়ার এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদ। বিশেষ অতিথি ছিলেন, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন।

সমাবেশে বক্তারা বলেন, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বিএনপি’র চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া গুরুতর অবস্থায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। ২০১৮ সালের ৮ ফেব্রুয়ারী সাজানো মামলায় মাধ্যমে দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে কারাবন্দী করা হয়। তাঁকে যখন কারাগারে দেখা হয় তখন তিনি সুস্থ ছিলেন।

দীর্ঘ কারাবাসে তিনি ক্রমান্বয়ে অসুস্থ হতে থাকেন। কিন্তু

সরকারের অমানবিক সিদ্ধান্তে জীবন-মরণের সন্ধিক্ষণে থাকা বেগম খালেদা জিয়াকে বিদেশে সুচিকিৎসার সুযোগ না দিয়ে তাকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হচ্ছে। আজকে দেশের জনসাধারণ দেশনেত্রীর মুক্তি এবং বিদেশে চিকিৎসার দাবিতে সোচ্চার।

খালেদা জিয়ার সুচিকিৎসার জন্য তাঁকে অবিলম্বে বিদেশ পাঠানো না হলে এবং এর ফলে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটলে সরকার এর দায় এড়াতে পারবে না। জনগণের অবিসংবাদিত নেত্রী বেগম জিয়ার প্রতি অমানবিক আচরণ করছে সরকার। এই মূহুর্তে মানবিক বিবেচনায় বেগম জিয়াকে মুক্তি এবং তাকে উন্নত চিকিৎসার জন্য অবিলম্বে বিদেশ পাঠাতে সরকারের প্রতি আহবান জানান বক্তারা।

এসময় মুজিবনগর উপজেলা বিএনপি নেতা সিরাজুল ইসলাম, ইউনুস আলী, জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, খাইরুল ইসলাম, যুবদল নেতা ইসমাইল, নায়েম, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহাবুব সানি, যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, সহ-সাংগঠনিক সম্পাদক লিটন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা ইয়াসিন কুতুবপুর ইউনিয়ন ছাত্রদল নেতা স্বপনসহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

স্বতন্ত্র চেয়ারম্যান পদপ্রার্থী রেজাউল ইসলাম রেজার শোভাযাত্রা

আসন্ন মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে মোটরসাইকেল, অটো, পাওয়ার টিলার নিয়ে শোভাযাত্রা করেছেন স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী মোঃ রেজাউল ইসলাম রেজা। বৃহস্পতিবার বিকালের দিকে এ শোভাযাত্রা বের করা হয়।

স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী মোঃ রেজাউল ইসলাম রেজা নেতৃত্বে শোভাযাত্রাটি বুড়িপোতা ইউনিয়নের শালিকা গ্রাম থেকে শুরু করে বাড়ি বাঁকা, বুড়িপোতা, হরিরামপুর, ইচাখালি, গোভিপুর সহ

বুড়িপোতা ইউনিয়নের প্রতিটি গ্রাম প্রদক্ষিণ করে।

প্রদক্ষিণ শেষে স্বতন্ত্র প্রার্থী মোঃ রেজাউল ইসলাম রেজা সাংবাদিকদের বলেন যদি শান্তিপূর্ণ পরিবেশে ভোট হয় তাহলে আমি আশাবাদী।
এ সময় তিনি আরো বলেন ২নং বুড়িপোতা ইউনিয়ন পরিষদের ৩০ হাজার ৮০ ভোট। যদি ২৫ হাজার ভোট পোল হয় তাহলে আমি ২০ হাজার ভোটে বিজয়ী হবে ইনশাল্লাহ।

গাংনীর গাড়াবাড়িয়ায় একজনকে কুপিয়ে জখম

মেহেরপুর গাংনী উপজেলার গাড়াবাড়িয়ায় খাইরুল ইসলাম নামের এক ব্যক্তিকে কুপিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে একই এলাকার ওয়াজ মোল্লার ছেলে মাসুদ রানার বিরুদ্ধে। খাইরুল ইসলাম গাড়াবাড়িয়া হাটপাড়ার আব্দুল আওয়াল এর ছেলে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টার দিকে গাড়াবাড়িয়া খাগড়ার মাঠে এ ঘটনা ঘটে। খাইরুল ইসলাম অভিযোগ করে বলেন, আজ সকালে তিনি মাঠে তার ঝালের জমিতে কাজ করছিলেন। মাসুদ রানা ওই ঝালের জমির ভিতর দিয়ে গাড়ি নিয়ে নিয়ে যায়।

এসময় মাসুদ রানাকে নিষেধ করলে কথা কাটাকাটির এক পর্যায় মাসুদ রানা হাসুয়া দিয়ে খাইরুল ইসলামের হাতে ও পায়ে কোপ মেরে রক্তাক্ত জখম করে পালিয়ে যায়।

খবর পেয়ে খাইরুল ইসলামের বাড়ির লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে। খাইরুল ইসলামের হাতে ও পায়ে ১০টি সেলাই হয়েছে। এবিষয়ে মামলার প্রস্তুতি চলছে বলে জানান খাইরুল ইসলামের পরিবারের লোকজন।

মাদক থেকে ফেরাতে গিয়ে চিরতরে হারালেন ছেলেকে

ঘরে বন্দী রেখে মাদক থেকে স্বাভাবিক জীবনে ফেরাতে চেয়ে অসহায় পিতা মাতা চিরতরে হারিয়ে ফেললেন তাদের মাদকাসক্ত ছেলে নাহিদ হাসান রাজু (২৫)কে।নাহিদ হোসেন রাজু গাংনী উপজেলার বামন্দী বাজার এলাকার ক্লিনিক মালিক বিনারুল ইসলাম বিনার ছেলে।

আজ বৃহস্পতিবার (২৫ নভেম্বর) দুপুরের দিকে তার নিজ ঘরের সিলিং ফ্যানের সাথে গলায় দঁড়ি দিয়ে আত্মহত্যা করে রাজু।

বামন্দী পুলিশ ক্যাম্প তার নিজ কক্ষ থেকে ঝুলন্ত মরদেহ উদ্ধার করেন। বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) ইলিয়াছ হোসেন এ তথ্য নিশ্চিত করেছেন।

নাহিদের পিতা বিনারুল ইসলাম জানান, নাহিদ মাদকাসক্ত ছিলেন। অনেক চেষ্টা করে চিকিৎসা করেও তাকে স্বাভাবিক জীবনে ফেরানো সম্ভব হয়নি। গত তিন দিন যাবৎ তাকে ঘর বন্দি করে রাখা হয়েছিল। সময়মত ঘরেই তাকে খাবার দিচ্ছিলাম।

সকালের দিকে তার ঘরে খাবার দিয়ে আস=সেন তার মা। খাবারও খেয়েছে। দুপুরের দিকে আবারও খাবার দিতে গিয়ে দেখি তার ঘর ভিতর থেকে সিটকানি দেওয়া আছে। অনেক ডাকাডাকি করেও কোনো সারা শব্দ পাওয়া যায়নি।

পরে ঘরের দরজা ভেঙ্গে ভিতরে গিয়ে সিলিং ফ্যানের সাথে তার ঝুলন্ত মরদেহ পাওয়া যায়। পরে পুলিশকে খবর দিলে মরদেহ উদ্ধার করেন পুলিশ। গাংনী থানার ওসি আব্দুরর রাজ্জাক বলেন, পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না করায় মরদেহ ময়না তদন্ত ছাড়াই দাফনের পরামর্শ দেয়া হয়েছে।

দেশ ও জাতি গঠনে নারী শিক্ষার বিকল্প নাই-এম এ এস ইমন

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রি কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি পেট্রো বাংলার পরিচালনা পর্ষদের সদস্য, রাজধানী টেলিভিশনের চেয়ারম্যান ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এমএএস ইমন বলেছেন, ‘এক একটি শিক্ষার্থী একটি শিক্ষিত মা। একটি শিক্ষিত মা পারেন দেশ ও জাতিকে শিক্ষিত করতে। দেশ ও জাতি গঠনে নারী শিক্ষার বিকল্প নেই। তাই প্রতিটি শিক্ষার্থীকে অধ্যাবসাইয়ের বিকল্প নেই। জ্ঞান চর্চার বিকল্প নেই। লেখা পড়ার পাশাপাশি স্বপ্ন পুরুনের প্রতিজ্ঞা থাকতে হবে। তবেই লেখা পড়া শিখে মানুষের মত মানুষ হতে পারবে’।
কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিতে আজ বৃহস্পতিবার দুপুরে গাংনী মহিলা কলেজ প্রাঙ্গণে আয়োজিত কলেজের এইচএসসি ২০২১ ব্যাচের পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে তিনি আরো বলেছেন, দেশ আজ যার নেতৃত্বে এগিয়ে চলেছে তিনি একজন নারী। তিনি নারীদের আলো দেখানোর জন্য সর্বাত্নক পরিশ্রম করে চলেছেন। একটি গরিব দেশ বিশ্বের দরবারে উন্নত দেশ হিসেবে পরিচয় লাভ করেছে । বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশে নারী শিক্ষার ওপর যে গুরুত্ব দেখিয়েছেন বিগত আর কোনো সরকার এমন সুবিধা দিতে পারেনি। গরিব ও অস্বচ্ছল পরিবারের কোনো মেয়ে যেন অর্থের অভাবে লেখাপড়া বিঘ্নীত না হয় সে বিষয়ে তিনি উপবৃত্তি চালু করেছেন।
গাংনী মহিলা ডিগ্রী কলেজে শিক্ষার গুণগতমান আরো বৃদ্ধিসহ জেলার একটি মডেল কলেজে রুপান্তরীত করার প্রত্যয় ব্যক্ত করেন। সেই সাথে মহিলা ডিগ্রী কলজেটিকে জাতীয় করণের চেষ্টা করার চেষ্টা হবে। কলেজের প্রভাষক মহিবুর রহমান মিন্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কলেজের উপাধ্যক্ষ মো নাসির উদ্দিন, সহকারী অধ্যাপক মোঃ রমজান আলী।
পরে সাংস্কৃতিক অনুষ্ঠানের অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি কলেজের বিভিন্ন শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপভোগ করেন। পরে অতিথিবৃন্ধ ও বিদায়ী শিক্ষার্থরা বিদায়ী কেক কাটেন। এর আগে বিদায়ী অনুষ্ঠান উপলক্ষে সকালে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের প্রধান সড়ক